রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ৬, ১৯৯৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

## প্রজ্ঞাপন

তারিখ, ৫ই আগস্ট ১৯৯৬ ইং/২১শে শ্রাবণ ১৪০৩ বাং

এস, আর, ও নং ১৪৫-আইন/৯৬।—Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, (XXXII of 1983) এর section 41 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, Bangladesh Board of Unani and Ayurvedic Systems of Medicine এর সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

## প্রথম খণ্ড

### প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরনামা।—এই বিধিমালা ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন বোর্ড (সদস্যগণের কার্যমেয়াদ ও নির্বাচন, চিকিৎসকগণের নিবন্ধন এবং প্রাপ্ত ফি সমূহের ব্যয়) বিধিমালা, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অধ্যাদেশ" অর্থ Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983 (XXXII of 1983);

(খ) "চিকিৎসক" অর্থ যোগ্যতা নির্ধারণী পরীক্ষায় উত্তীর্ণ কোন ব্যক্তি;

(গ) "নির্বাচন" অর্থ অধ্যাদেশের section 5 এর অধীন নির্বাচন;



মূল্যঃ টাকা ৪·০০

(ঘ) "নির্বাচন কর্মকর্তা" অর্থ নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য নিযুক্ত নির্বাচন কর্মকর্তা;

(ঙ) "প্রতিষ্ঠান" অর্থ অধ্যাদেশের Schedule এ বিধৃত কোন স্বীকৃতিপ্রাপ্ত ইউনানী এবং আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠান;

(চ) "প্রার্থী" অর্থ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করিতে ইচ্ছুক প্রার্থী;

(ছ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত কোন ফরম;

(জ) "নিবন্ধক" অর্থ বোর্ডের Registrar;

(ঝ) "ব্যালটপত্র" অর্থ বিধি ১৫(২) এর অধীন মুদ্রিত কোন ব্যালটপত্র;

(ঞ) "বোর্ড" অর্থ অধ্যাদেশের section 3 এর অধীন গঠিত Bangladesh Board of Unani and Ayurvedic Systems of Medicine;

(ট) "বিভাগ" অর্থ বাংলাদেশের কোন প্রশাসনিক বিভাগ;

(ঠ) "যোগ্যতা নির্ধারণী পরীক্ষা" অর্থ অধ্যাদেশের section 21 এ উল্লিখিত Qualifying Examination;

(ড) "সদস্য" অর্থ বোর্ডের সদস্য।

## দ্বিতীয় খণ্ড

### বোর্ডের কার্যকালের মেয়াদ

৩। **বোর্ডের সদস্যগণের কার্যকালের মেয়াদ।**—অধ্যাদেশের section 7(4)-এর বিধান সাপেক্ষে বোর্ডের সদস্যগণের কার্যকালের মেয়াদ হইবে তাহাদের নিয়োগ বা, ক্ষেত্রমত, নির্বাচনের তারিখ হইতে পাঁচ বৎসর।

## তৃতীয় খণ্ড

### বোর্ড সদস্য নির্বাচন

৪। **নির্বাচন কর্মকর্তা।**—নির্বাচন অনুষ্ঠান ও পরিচালনার জন্য নিবন্ধক নির্বাচন কর্মকর্তা হইবেন।

৫। **ভোটার, ইত্যাদি হইবার যোগ্যতা।**—(১) অধ্যাদেশের section 23 ও 24 এর অধীন নিবন্ধিত সকল চিকিৎসক নির্বাচনে ভোটার হইতে এবং কোন প্রার্থীর প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন এবং উক্ত চিকিৎসক শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগের সদস্য নির্বাচনের জন্য ভোট দিতে এবং প্রস্তাবক বা সমর্থক হইতে পারিবেন।

(২) অধ্যাদেশের section 23 এর অধীন নিবন্ধিত এবং ন্যূনতম দশ বৎসরের পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন চিকিৎসকগণই শুধুমাত্র নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন।

৬। **ভোটার তালিকা প্রণয়ন।**—(১) নির্বাচন কর্মকর্তা চিকিৎসকগণের স্থায়ী ঠিকানার ভিত্তিতে প্রতিটি বিভাগের জন্য একটি করিয়া ভোটার তালিকা প্রণয়ন করিবেন।

(২) ভোটার তালিকার ব্যাপারে কোন আপত্তি বা অভিযোগ থাকিলে তাহা নির্ধারিত তারিখের মধ্যে দাখিলের আহ্বানের বিজ্ঞপ্তিসহ উক্ত তালিকা বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে এবং উক্ত বিজ্ঞপ্তি ও তালিকার একটি করিয়া অনুলিপি প্রতিটি বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করিতে হইবে।

(৩) আপত্তি প্রদানের জন্য নির্ধারিত তারিখের মধ্যে যে কোন নিবন্ধিত চিকিৎসক তাহার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত না হওয়া বা অন্য কিছু অন্তর্ভুক্ত হওয়ার বিরুদ্ধে লিখিতভাবে এবং নিজ স্বাক্ষরে নির্বাচন কর্মকর্তার নিকট আপত্তি উত্থাপন করিতে পারিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীনে উত্থাপিত আপত্তি সঠিক বলিয়া মনে করিলে, নির্বাচন কর্মকর্তা, প্রয়োজনবোধে সংক্ষিপ্ত তদন্তের পর, ভোটার তালিকার প্রয়োজনীয় সংশোধন করিতে পারিবেন।

(৫) উপ-বিধি (৪) মোতাবেক সংশোধিত ভোটার তালিকা বোর্ড-কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে, এবং উহা চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

(৬) নির্বাচন কর্মকর্তা কর্তৃক নির্ধারিত সময়ে ও স্থানে ভোটার তালিকা পরিদর্শন করা যাইবে এবং মূল্য স্বরূপ ১০০-০০ টাকা পরিশোধ করিয়া নির্বাচন কর্মকর্তার নিকট হইতে ভোটার তালিকা সংগ্রহ করা যাইবে।

৭। **নির্বাচন বিজ্ঞপ্তি।**—(১) নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নির্বাচন কর্মকর্তা একটি ইংরেজী দৈনিক সংবাদপত্রসহ দেশের অন্ততঃ তিনটি প্রধান দৈনিক সংবাদপত্রে বিজ্ঞপ্তি, অতঃপর নির্বাচন বিজ্ঞপ্তি বলিয়া উল্লিখিত, দ্বারা নিম্নরূপ তারিখসমূহ নির্ধারণ করিবেন, যথাঃ—

(ক) মনোনয়নপত্র দাখিলের তারিখ, যাহা নির্বাচন বিজ্ঞপ্তি প্রকাশের তারিখের অন্ততঃ পনের দিন পরের একটি তারিখ হইবে ;

(খ) মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ, যাহা মনোনয়নপত্র দাখিলের তারিখের অন্ততঃ তিন দিন পরের একটি তারিখ হইবে ;

(গ) মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখ, যাহা বাছাইয়ের তারিখের অন্ততঃ সাত দিন পরের একটি তারিখ হইবে ;

(ঘ) ভোটারের নিকট ব্যালটপত্র প্রেরণের তারিখ, যাহা মনোনয়নপত্র প্রত্যাহারের সর্বশেষ তারিখের অন্ততঃ পনের দিন পরের একটি তারিখ হইবে ;

(ঙ) ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের সর্বশেষ তারিখ, যাহা ব্যালটপত্র প্রেরণের সর্বশেষ তারিখের পর অন্ততঃ পনের দিন পরের একটি তারিখ হইবে।

(২) নির্বাচন কর্মকর্তা মনোনয়নপত্র দাখিলের সময় ও স্থান এবং বাছাইয়ের সময় ও স্থান নির্বাচন বিজ্ঞপ্তিতে উল্লেখ করিবেন।

৮। **মনোনয়নপত্র দাখিল।**—(১) নির্বাচনে কোন প্রার্থী মনোনয়নপত্র দাখিলের জন্য একজন প্রস্তাবক, একজন সমর্থক ও প্রার্থী নিজে ফরম 'ক' এর সংশ্লিষ্ট অংশ যথাযথভাবে পূরণ করিয়া বিধি ৭ এর অধীন নির্ধারিত তারিখে ও সময়ের মধ্যে নির্বাচন কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(২) একজন প্রস্তাবক বা সমর্থক একাধিক প্রার্থীকে প্রস্তাব বা সমর্থন করিতে পারিবেন না।

(৩) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত মনোনয়নপত্রের সহিত জামানত স্বরূপ এক হাজার টাকা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে নিবন্ধকের বরাবরে জমা করিয়া উক্ত ড্রাফট বা পে-অর্ডারের একটি অনুলিপি দাখিল করিতে হইবে।

(৪) মনোনয়নপত্রের ফরম বিনামূল্যে সরবরাহ করা হইবে।

(৫) মনোনয়নপত্র দাখিল হওয়ার পর নির্বাচন কর্মকর্তা উহার প্রাপ্তি স্বীকার পত্র প্রদান করিবেন ও মনোনয়নপত্র সঠিকভাবে পূরণ করা হইয়াছে কি না তাহা দেখিবেন এবং প্রয়োজনবোধে ভুল-ভ্রান্তি সংশোধনের সুযোগ দিবেন।

(৬) মনোনয়নপত্র গ্রহণ করিবার পর নির্বাচন কর্মকর্তা উক্ত পত্রে জমাদানকারীর নাম, জমা দেওয়ার তারিখ ও সময় এবং ক্রমিক নম্বর সন্নিবদ্ধ করিবেন, এবং একটি রেজিস্টারে উহা তালিকাভুক্ত করিবেন।

৯। **মনোনয়নপত্র বাছাই।**—(১) বিধি ৭(১) এর অধীন নির্ধারিত তারিখে ও সময়ে নির্বাচন কর্মকর্তা দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাই করিবেন।

(২) প্রত্যেক প্রার্থী ও তাহার প্রস্তাবক মনোনয়নপত্র বাছাইয়ের সময় উপস্থিত থাকিতে পারিবেন এবং নির্বাচন কর্মকর্তা তাহাদের অনুরোধে মনোনয়নপত্রসমূহ পরীক্ষা করিয়া দেখার জন্য তাহাদিগকে যথাসম্ভব সুযোগ দিবেন।

(৩) কোন মনোনয়নপত্র সম্পর্কে কেহ আপত্তি উত্থাপন করিলে নির্বাচন কর্মকর্তা সংক্ষেপে আপত্তির বিষয়বস্তু এবং তাঁহার সিদ্ধান্ত মনোনয়নপত্রের উপর লিপিবদ্ধ করিবেন।

(৪) নির্বাচন কর্মকর্তা স্বেচ্ছায় অথবা উপ-বিধি (৩) এর অধীন উত্থাপিত আপত্তির প্রেক্ষিতে প্রয়োজনবোধে সংক্ষিপ্ত অনুসন্ধানের পর কোন মনোনয়নপত্র বাতিল করিতে পারেন, যদি তিনি এই মর্মে সন্তুষ্ট হন যে—

(ক) প্রার্থী, প্রস্তাবক বা সমর্থকের প্রয়োজনীয় যোগ্যতা নাই ; অথবা

(খ) প্রার্থী, সমর্থক বা প্রস্তাবকের স্বাক্ষর তাহাদের নিজেদের নহে।

(৫) কোন প্রার্থীর একটি মনোনয়নপত্র বাতিল হইবার কারণেই তাহার অন্য মনোনয়নপত্র (যদি থাকে) বাতিল বলিয়া গণ্য করা হইবে না।

(৬) নির্বাচন কর্মকর্তা মনোনয়নপত্রের ছোট খাট ভুল-ভ্রান্তি সংশোধনের জন্য প্রার্থীকে সুযোগ প্রদান করিতে পারিবেন।

(৭) নির্বাচন কর্মকর্তা প্রতিটি মনোনয়নপত্রের উপর উহা গৃহীত বা বাতিল করা হইল এই মর্মে সুনির্দিষ্ট সিদ্ধান্ত লিপিবদ্ধ করিবেন এবং কোন মনোনয়নপত্র বাতিল করিবার ক্ষেত্রে উহার সংক্ষিপ্ত কারণ লিপিবদ্ধ করিবেন।

১০। **আপীল।**—(১) বিধি ৯ (৪) এর অধীন বাতিলকৃত কোন মনোনয়নপত্র-এর প্রার্থী, সমর্থক বা প্রস্তাবক উক্ত বাতিলকরণের বিরুদ্ধে বোর্ডের চেয়ারম্যানের নিকট উক্ত বাতিলকরণের তিন দিনের মধ্যে আপীল পেশ করিতে পারিবেন।

(২) চেয়ারম্যান, প্রয়োজনবোধে সংক্ষিপ্ত তদন্তের পর, দায়েরকৃত আপীলসমূহ আপীল দায়েরের তিন দিনের মধ্যে নিষ্পত্তি করিবেন এবং অবিলম্বে আপীলের সিদ্ধান্ত আপীলকারী ও নির্বাচন কর্মকর্তাকে অবহিত করিবেন এবং আপীলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১১। **প্রার্থীপদ প্রত্যাহার।**—বিধি ৯ ও ১০ এর বিধানাবলী মোতাবেক বৈধভাবে মনোনীত কোন প্রার্থী বিধি ৭ (১) এর অধীন নির্ধারিত তারিখের মধ্যে তৎকর্তৃক স্বাক্ষরিত একটি লিখিত পত্র উক্ত প্রার্থী নিজে বা এতদুদ্দেশ্যে তৎকর্তৃক ক্ষমতা প্রদত্ত কোন ব্যক্তির মাধ্যমে নির্বাচন কর্মকর্তার নিকট দাখিল করিয়া তাহার প্রার্থীপদ প্রত্যাহার করিতে পারিবেন।

১২। **প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের তালিকা।**—বিধি ১১ এর অধীন প্রার্থীপদ প্রত্যাহারের পর (যদি হয়), নির্বাচন কর্মকর্তা অবশিষ্ট প্রার্থীদের একটি তালিকা প্রস্তুত করিবেন এবং এইরূপ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীরূপে চিহ্নিত হইবেন, এবং নির্বাচন কর্মকর্তা বিভাগ ওয়ারী প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের আলাদা আলাদা তালিকা প্রস্তুত করিবেন এবং উহা বোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

১৩। **প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর প্রাক-নির্বাচন মৃত্যু।**—কোন নির্বাচনের পূর্বে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর মৃত্যু হইলে, বিধি ১৪ এর বিধান সাপেক্ষে, অন্যান্য প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের মধ্যে নির্বাচন সীমিত থাকিবে।

১৪। **নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা।**—(১) মনোনয়নপত্র বাছাই এবং প্রার্থীপদ প্রত্যাহারের পর যদি কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী না থাকে, তাহা হইলে নির্বাচন কর্মকর্তা, বোর্ডের চেয়ারম্যানের অনুমতিক্রমে, বিধি ৭ এর পদ্ধতি অনুসরণ করিয়া পুনরায় মনোনয়নপত্র আহবান এবং পরবর্তী কার্যক্রম গ্রহণ করিবেন।

(২) মনোনয়নপত্র বাছাই, প্রার্থীপদ প্রত্যাহার ও প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর মৃত্যুর ফলে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা যদি—

(ক) কোন বিভাগে মাত্র একজন হয়, তাহা হইলে নির্বাচন কর্মকর্তা তাহার কার্যালয়ের নোটিশ বোর্ডে ফরম 'খ' তে এই মর্মে ঘোষণা প্রকাশ করিবেন যে, উক্ত প্রার্থী উক্ত বিভাগের সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন।

(খ) একাধিক হয়, তাহা হইলে ভোট গ্রহণ অনুষ্ঠিত হইবে।

১৫। **ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ।**—(১) সকল নির্বাচনে এই বিধিমালায় বিধৃত পদ্ধতিতে ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হইবে।

(২) নির্বাচন কর্মকর্তা প্রতিটি বিভাগের জন্য উক্ত বিভাগের প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম সম্বলিত প্রয়োজনীয় সংখ্যক ব্যালটপত্র ফরম 'গ' তে ছাপাইয়া প্রতিটি ভোটারের নিকট তাহার বর্তমান ঠিকানায় একটি করিয়া ব্যালটপত্র প্রাপ্তি স্বীকার রশিদসহ রেজিষ্ট্রী ডাকযোগে প্রেরণ করিবেন।

(৩) নির্বাচন কর্মকর্তা ভোটারের নিকট সরবরাহকৃত ব্যালটপত্রের উল্টা পৃষ্ঠায় তাঁহার স্বাক্ষর ও সীল যুক্ত করিবেন এবং উক্ত ব্যালটপত্রের মুড়ি স্বাক্ষরিত করিয়া তাঁহার নিকট রাখিবেন।

(৪) নির্বাচন কর্মকর্তা ব্যালটপত্র ভোটারের নিকট প্রেরণের সময় উহার সহিত নির্বাচন কর্মকর্তার ঠিকানা ও উহা রেজিস্ট্রী ডাকযোগে ফেরৎ প্রাপ্তির উদ্দেশ্যে প্রাপ্তি স্বীকার রশিদসহ প্রয়োজনীয় ডাক টিকিট সম্বলিত একটি ফাঁকা খাম প্রেরণ করিবেন, এবং ব্যালটপত্রে ভোট প্রদানের পর ব্যালটপত্রটি উক্ত ফাঁকা খামে বন্ধ করিয়া উহা ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে নির্বাচন কর্মকর্তার নিকট, নির্দিষ্ট তারিখের মধ্যে, পৌঁছাইবার অনুরোধ সম্বলিত একটি পত্র দিবেন।

(৫) কোন ভোটার ব্যালটপত্র প্রাপ্ত হন নাই শুধুমাত্র এই অজুহাতে কোন নির্বাচন বাতিল করা হইবে না।

(৬) যদি কোন ব্যালটপত্র অবিলিকৃত অবস্থায় ফেরত আসে তাহা হইলে নির্বাচন কর্মকর্তা পুনরায় একটি ব্যালটপত্র, ভোটারের লিখিত আবেদনের প্রেক্ষিতে, বিধি ৭ নির্ধারিত ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের সময় অতিক্রান্ত না হইলে, সংশ্লিষ্ট ভোটারের নিকট পাঠাইবার ব্যবস্থা করিবেন।

১৬। **ভোট প্রদান।**—(১) প্রত্যেক ভোটার একটি করিয়া ভোট দিতে পারিবেন।

(২) প্রত্যেক ভোটার ব্যালটপত্র প্রাপ্তির পর তিনি যে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে ভোট দিতে ইচ্ছুক ব্যালটপত্রে তাহার নামের পার্শ্বে গোপনীয়ভাবে একটি "×" (ক্রস) চিহ্ন দিবেন; অতঃপর ব্যালটপত্রটি নির্বাচন কর্মকর্তার নিকট হইতে প্রাপ্ত খামে করিয়া নির্বাচন কর্মকর্তার নিকট ডাকযোগে বা ব্যক্তিগতভাবে পাঠাইবেন যেন উহা বিধি ৭ এর অধীন নির্ধারিত তারিখ ও সময় অতিক্রান্ত হওয়ার পূর্বেই পৌঁছায়।

(৩) ভোট প্রদত্ত ব্যালটপত্র উক্ত নির্ধারিত তারিখ এবং সময়ের পরে নির্বাচন কর্মকর্তার নিকট পৌঁছাইলে তাহা বাতিল বলিয়া গণ্য হইবে।

১৭। **ভোট গণনা।**—(১) ভোট প্রদত্ত ব্যালটপত্র গ্রহণের নির্ধারিত তারিখের পরবর্তী কার্যদিবসে সকাল ৮·০০ ঘটিকার সময় নির্বাচন কর্মকর্তা তাঁহার কার্যালয়ে ভোট গণনা শুরু করিবেন।

(২) ভোট গণনার কাজে নির্বাচন কর্মকর্তা তাঁহার কার্যালয়ের অন্যান্য কর্মকর্তা বা কর্মচারীদের সহযোগিতা গ্রহণ করিতে পারিবেন।

(৩) প্রার্থী বা তৎকর্তৃক লিখিতভাবে ক্ষমতাপ্রদত্ত একজন প্রতিনিধি ভোট গণনার সময়ে উপস্থিত থাকিতে পারিবেন।

(৪) নির্বাচন কর্মকর্তা নিম্নবর্ণিত কোন ব্যালটপত্রকে বাতিল বলিয়া ঘোষণা করিবেন, যদি উহাতে—

(ক) নির্বাচন কর্মকর্তার সীল ও স্বাক্ষর না থাকে;

(খ) প্রার্থীর নামের সামনে যথাযথ "×" (ক্রস) চিহ্ন না থাকে বা একাধিক "×" (ক্রস) চিহ্ন থাকে;

(গ) যদি এমন কোন চিহ্ন দেওয়া হয় যাহা দ্বারা ভোটার নিজেই সনাক্ত হইয়া পড়েন;

(ঘ) এমনভাবে "×" (ক্রস) চিহ্ন দেওয়া থাকে যে, কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর বরাবরে ভোট দেওয়া হইয়াছে তাহা নির্ণয় করা সম্ভব নহে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন বাতিলকৃত এবং বিধি ১৬ (৩) এর অধীন বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রগুলি ব্যতিরেকে অন্যান্য ব্যালটপত্র বৈধ বলিয়া বিবেচিত হইবে এবং উহাদের গণনার ভিত্তিতে প্রতিটি বিভাগের সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী নির্ধারিত হইবে এবং নির্বাচন কর্মকর্তা উক্ত ফলাফল ফরম 'ঘ' তে লিপিবদ্ধ করিয়া উহার একটি অনুলিপি বোর্ডের চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

(৬) সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা একাধিক হইলে, নির্বাচন কর্মকর্তা তৎক্ষণাৎ লটারীর ব্যবস্থা করিবেন এবং লটারীর মাধ্যমে প্রার্থীদের মধ্যে একজনকে সর্বোচ্চ ভোট প্রাপ্ত বলিয়া নির্ধারণ করিবেন, এবং অনুরূপ লটারী ও উহার ফলাফল ফরম 'ঘ' তে লিপিবদ্ধ করিয়া উহার একটি অনুলিপি বোর্ডের চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

১৮। **নির্বাচনের নথিপত্র ও বিবরণাদি।**—(১) ভোট গণনার পর নির্বাচন কর্মকর্তা নিম্নবর্ণিত কাগজাদি ও বিবরণী ভিন্ন ভিন্ন মোড়কে সংরক্ষণ করিয়া উক্ত মোড়ক সীলমোহরকৃত করিবেন; যথাঃ—

(ক) বৈধ ব্যালটপত্রসমূহ;

(খ) বিধি ১৭ (৪) ও (১৬(৩) এর অধীন বাতিলকৃত বা বাতিল বলিয়া গণ্য ব্যালটপত্রসমূহ;

(গ) ফরম 'ঘ' তে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী এবং বিধি ১৭(৬) এর অধীন লটারী হইলে উহার বিবরণী;

(ঘ) মুড়িসমেত অব্যবহৃত ব্যালটসমূহ;

(ঙ) ব্যবহৃত ব্যালটপত্রের মুড়ি;

(চ) চিহ্নিত ভোটার তালিকা।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত মোড়ক ও বিবরণীতে নির্বাচন কর্মকর্তা নিজে দস্তখত করিবেন ও প্রার্থী বা তাহার প্রতিনিধির দস্তখত গ্রহণ করিবেন।

(৩) উপ-বিধি (১) ও (২) এ উল্লিখিত মোড়ক ও বিবরণী ছাড়াও নির্বাচন কর্মকর্তা ব্যালটপত্রের একটি হিসাব ফরম 'ঙ' তে লিপিবদ্ধ করিবেন, এবং এই হিসাবে নিম্নোক্ত তথ্যাদি থাকিবে, যথাঃ—

(ক) ছাপানো ব্যালটপত্রের মোট সংখ্যা ও নম্বর;

(খ) ভোটারগণ কর্তৃক প্রেরিত এবং গণনাকৃত ব্যালটপত্রের সংখ্যা;

(গ) অবিলিকৃত ব্যালটপত্রের সংখ্যা।

(৪) নির্বাচন কর্মকর্তা উপ-বিধি (১), (২) ও (৩) এর অধীন প্রস্তুতকৃত মোড়ক ও বিবরণীসমূহ চেয়ারম্যানের নিকট প্রেরণ করিবেন।

১৯। **নির্বাচনের ফলাফল।**—বিধি ১৮(৪)-এর অধীন নির্বাচন সংক্রান্ত কাগজপত্র ও বিবরণাদি প্রাপ্তির পর, বিধি ২০ এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যান সংশ্লিষ্ট বিভাগের সর্বোচ্চ ভোটপ্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করিয়া ফরম 'চ' তে একটি ঘোষণা বোর্ডের নোটিশ বোর্ডে প্রকাশ করিবেন।

২০। **নির্বাচনী দরখাস্ত।**—(১) বিধি ১৯ এর অধীন নির্বাচনের ফলাফল ঘোষণার ১০ (দশ) দিনের মধ্যে যে কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী উক্ত ফলাফলের বৈধতা সম্পর্কে প্রশ্ন উত্থাপন করিয়া সরকারের নিকট নির্বাচনী দরখাস্ত দাখিল করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়েরকৃত নির্বাচনী দরখাস্তে সংক্ষেপে উক্ত প্রশ্ন উত্থাপন করিবার কারণসমূহ লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) সরকার তৎনির্ধারিত পদ্ধতিতে দরখাস্তকারীকে ও নির্বাচন কর্মকর্তাকে শুনানীর সুযোগ দিবে এবং প্রয়োজনে সাক্ষ্য-প্রমাণ গ্রহণ করিয়া কোন নির্বাচনের ফলাফল সম্পূর্ণ বা আংশিক বহাল অথবা বাতিল করিতে পারিবে এবং উহার সিদ্ধান্ত ও উহার যুক্তি সংক্ষেপে লিপিবদ্ধ করিবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কোন নির্বাচন বাতিল বলিয়া ঘোষিত হইলে এই বিধিমালার বিধান মোতাবেক নূতনভাবে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

২১। **উপ-নির্বাচন।**—(১) কোন সদস্যের মৃত্যু হইলে অথবা অধ্যাদেশের **section 9**-এর অধীন কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিলে অথবা section 10-এর বিধান মোতাবেক কোন সদস্যের পদ শূন্য ঘোষিত হইলে, উক্ত শূন্য পদের জন্য উপ-নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(২) উপ-নির্বাচন অনুষ্ঠানের ক্ষেত্রে, নির্বাচনের জন্য এই বিধিমালার যে বিধানাবলী প্রযোজ্য হয় সে বিধান প্রযোজ্য হইবে।

২২। **জামানতের অর্থ বাজেয়াপ্ত।**—যে কোন বিভাগে প্রদত্ত মোট ভোটের শতকরা দশভাগ ভোট কোন প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী পাইতে ব্যর্থ হইলে তাহার জামানতের টাকা বাজেয়াপ্ত করা হইবে।

২৩। **নির্বাচনী নথিপত্র বিনষ্টীকরণ।**—বিধি ১৮(৪) এর অধীন চেয়ারম্যানের নিকট প্রেরিত সকল কাগজপত্র এক বৎসর পর্যন্ত সংরক্ষণ করা হইবে এবং তৎপর উহা বিনষ্ট করা হইবে।

## চতুর্থ খণ্ড

## চিকিৎসকগণের নিবন্ধন, ইত্যাদি

২৪ **চিকিৎসক হিসাবে নিবন্ধন, ইত্যাদি।**—(১) কোন ব্যক্তি চিকিৎসক হিসাবে অধ্যাদেশের section 23 অথবা 24-এর বিধানাবলীর অধীন নিবন্ধিত হইতে চাহিলে তিনি বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে সময় সময় নির্ধারিত মূল্য প্রদানক্রমে, নিবন্ধকের নিকট হইতে আবেদনপত্রের ফরম 'ছ' সংগ্রহ করিবেন এবং উক্ত ফরম পূরণ করিয়া উহার সহিত প্রয়োজনীয় কাগজপত্র ও দুইশত টাকা নিবন্ধন ফিস ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে বোর্ডের কার্যালয়ে জমা দিবেন।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত কোন দরখাস্ত সম্পর্কে সন্তুষ্ট হইলে, নিবন্ধক দরখাস্ত-কারীর নাম ফরম 'জ' তে বর্ণিত রেজিস্টার, অতঃপর নিবন্ধন বহি (১) বলিয়া উল্লিখিত-তে নিবন্ধন করিবেন অথবা ক্ষেত্রমত, ফরম 'ঝ' তে বর্ণিত রেজিস্টার, অতঃপর নিবন্ধন বহি (২) বলিয়া উল্লিখিত, তে নিবন্ধন করিবেন।

২৫। **রেজিস্টারসমূহের অন্তর্ভুক্তির পরিবর্তন।**—নিবন্ধন বহি (১) বা নিবন্ধন বহি (২) তে কোন পরিবর্তন, সংশোধন বা অন্তর্ভুক্তি আবশ্যক হইলে, সংশ্লিষ্ট চিকিৎসক উহার প্রয়োজনীয়তা প্রদর্শন করিয়া সংশ্লিষ্ট কাগজপত্রসহ একশত টাকা ফিস, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আকারে জমা দিয়া উহাসহ বোর্ড অফিসে দরখাস্ত পাঠাইবেন:

তবে শর্ত থাকে যে, কোন মুদ্রণজনিত ভুল সংশোধন বা ঠিকানা পরিবর্তনের জন্য কোন ফিস লাগিবে না।

২৬। **রেজিষ্টারে অন্তর্ভুক্তির ক্রমিকতা।**—নিবন্ধনকৃত চিকিৎসকগণের নাম এবং অন্যান্য বিবরণ তাহাদের নিবন্ধনের তারিখের ক্রমানুসারে সংশ্লিষ্ট রেজিষ্টারে অন্তর্ভুক্ত করা হইবে এবং উহাতে পরবর্তী সমস্ত পরিবর্তন, সংযোজন বা সংশোধন নিবন্ধক কর্তৃক স্বাক্ষরিত হইতে হইবে।

২৭। **নিবন্ধন প্রত্যয়নপত্র ও উহার নবায়ন।**—নিবন্ধনকৃত প্রত্যেক চিকিৎসক তাহার নিবন্ধন সম্পর্কে একটি সনদপত্র লাভের অধিকারী হইবেন এবং তিনি এতদুদ্দেশ্যে একশত টাকা ফিস জমা দিলে রেজিস্ট্রার ফরম 'ঞ' তে উক্ত প্রত্যয়নপত্র প্রদান করিবেন এবং উহা দশ বৎসর বলবৎ থাকিবে।

## পঞ্চম খণ্ড

## বোর্ড কর্তৃক প্রাপ্ত ফিসসমূহের ব্যয়

২৮। **বোর্ড কর্তৃক প্রাপ্ত ফিসসমূহের ব্যয়।**—বোর্ড কর্তৃক প্রাপ্ত সকল ফিস নিম্নোক্ত সকল বা যে কোন খাতে ব্যয় করা হইবে, যথাঃ—

(১) বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন ও ভাতা;

(২) বোর্ডের এবং একজামিনিং বডির চেয়ারম্যান ও সদস্যদের ভ্রমণভাতা ও দৈনিক ভাতা বাবদ;

(৩) দাপ্তরিক ও আবাসিক স্থান ভাড়া, ক্রয় ও নির্মাণ;

(৪) সভা অনুষ্ঠান এবং পরীক্ষাসমূহের আয়োজন ব্যয়;

(৫) উপনৈমিত্তিক ব্যয় যথাঃ

(ক) আসবাবপত্র, টাইপ রাইটার, ডুপ্লিকেটর, জিরক্স কপিয়ার, কম্পিউটার, বাই-সাইকেল, ষ্টেশনারী দ্রব্যাদি, যানবাহন, ইত্যাদি ক্রয় অথবা ভাড়া কিংবা মেরামত;

(খ) আইনগত পরামর্শ ফিস;

(গ) বিজ্ঞাপন প্রচার;

(ঘ) মুদ্রণ;

(ঙ) চতুর্থ শ্রেণীর কর্মচারীগণের পোষাক;

(চ) টেলিফোন, ডাক, গ্যাস ও বিদ্যুৎ খরচ।

(৬) পুস্তকাদি, সাময়িকী ও পত্রিকা সংকলন, অনুবাদ ও সম্পাদনা ব্যয়;

(৭) প্রতিষ্ঠানসমূহের ছাত্রদের ইন্টারনীশীপ ও বৃত্তি সংক্রান্ত ব্যয়;

(৮) ল্যাবরেটরী, লাইব্রেরী ও মিউজিয়ামসমূহে গবেষণা সংক্রান্ত ব্যয়;

(৯) দাতব্য ও বহির্বিভাগীয় চিকিৎসালয়ের জন্য ঔষধ উপকরণাদি ক্রয় সংক্রান্ত ব্যয়;

(১০) স্বীকৃতিপ্রাপ্ত কলেজসমূহকে এককালীন অনুদান প্রদান; এবং

(১১) বোর্ড কর্তৃক স্থিরীকৃত এবং সরকার কর্তৃক অনুমোদিত অন্যান্য খাতের ব্যয়।

ফরম-ক

[বিধি ৪(১) দ্রষ্টব্য]

সদস্য নির্বাচনের মনোনয়নপত্র

প্রস্তাবক কর্তৃক পূরণযোগ্য

১। আমি .......................................................................
(প্রস্তাবকের নাম)

পিতা .......................................................................

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগের ভোটার তালিকার.........নম্বর ভোটার। উক্ত বিভাগের ভোটার তালিকার......নং ভোটার জনাব.........................

পিতা .......................................................................

গ্রাম.................. ডাকঘর.................. থানা..................
(স্থায়ী ঠিকানা)

জেলা......................কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে প্রস্তাব করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়নপত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

..........................
প্রস্তাবকের স্বাক্ষর।

সমর্থক কর্তৃক পূরণযোগ্য

১। আমি .......................................................................
(সমর্থকের নাম)

পিতা .......................................................................

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগের ভোটার তালিকার..........নম্বর ভোটার। উক্ত বিভাগের ভোটার তালিকার......নং ভোটার জনাব.........................

পিতা .......................................................................

গ্রাম.................. ডাকঘর.................. থানা..................
(স্থায়ী ঠিকানা)

জেলা......................কে বোর্ডের সদস্যপদের প্রার্থী হিসাবে সমর্থন করিতেছি।

২। আমি অন্য কোন মনোনয়নপত্রে প্রস্তাবক বা সমর্থক হিসাবে স্বাক্ষর করি নাই।

..........................
সমর্থকের স্বাক্ষর।

## প্রার্থীর ঘোষণা

আমি ..........................................................................

পিতা ..........................................................................

গ্রাম.......................... ডাকঘর.................... থানা....................

জেলা..........................বিভাগ..........................

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট বিভাগের ভোটার তালিকার.............নম্বর ভোটার এবং আমি ঘোষণা করিতেছি যে, আমি উল্লিখিত প্রস্তাবে সম্মতি দিয়াছি।

..............................

প্রার্থীর স্বাক্ষর।

## বাছাই এর বিবরণী

(নির্বাচন কর্মকর্তা কর্তৃক পূরণযোগ্য)

(ক) মনোনয়নের বিরুদ্ধে আপত্তি থাকিলে তাহার সংক্ষিপ্ত বিবরণঃ

(খ) মনোনয়নপত্র বাতিলযোগ্য হইলে তাহার সংক্ষিপ্ত বিবরণঃ

(গ) মনোনয়নপত্র বাতিলকরণ/গ্রহণ সম্পর্কে নির্দিষ্ট সিদ্ধান্তঃ

..............................

তারিখঃ নির্বাচন কর্মকর্তা।

## ফরম-খ

[বিধি ১৪(২) দ্রষ্টব্য]

### বিনা প্রতিদ্বন্দ্বিতায় সদস্য নির্বাচিত হওয়ার ঘোষণা

১। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত প্রার্থীর নাম..........................................
..........................................................................

২। উক্ত প্রার্থীর ঠিকানা..........................................................
..........................................................................

৩। সংশ্লিষ্ট ভোটার তালিকায় উক্ত প্রার্থীর ক্রমিক নম্বর..............................

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরিউক্ত প্রার্থী....................বিভাগ হইতে বোর্ড সদস্য হিসাবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হইয়াছেন।

..............................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

**ফরম-গ**

[বিধি-১৫ (২) দ্রষ্টব্য]

ব্যালটপত্র

ক্রমিক নং.............

বাংলাদেশ বোর্ড অব ইউনানী এণ্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন-এর সদস্য নির্বাচন।

বিভাগ .............

ব্যালট বহি নম্বর......

ভোটার নম্বর.........

নির্বাচন কর্মকর্তার দস্তখত সীল ও তারিখ

**ফরম-গ**

[বিধি-১৫ (২) দ্রষ্টব্য]

ব্যালটপত্র

ক্রমিক নং.................

বাংলাদেশ বোর্ড অব ইউনানী এণ্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন-এর সদস্য নির্বাচন।

বিভাগ................

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম | ভোট প্রদানের চিহ্ন "X" |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |
| ৫। | | |

(উল্টা পৃষ্ঠায়)

নির্বাচন কর্মকর্তার দস্তখত ও................

সীল

## ফরম-ঘ

[বিধি ১৭(৫) দ্রষ্টব্য]

(প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত ভোট বিবরণী)

(ক) বিভাগের নাম..................................................................

প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম প্রাপ্ত ভোটের সংখ্যা

(১)

(২)

(৩)

(৪)

(৫)

(খ) সর্বোচ্চ ভোট প্রাপ্ত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর সংখ্যা
একাধিক হইলে, লটারীতে বিজয়ী প্রার্থীর নাম ঃ

তারিখ ঃ ..........................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

উপস্থিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের প্রতিনিধির দস্তখত ঃ

(১)

(২)

(৩)

(৪)

(৫)

### ফরম-ঙ

[বিধি-১৮(৩) দ্রষ্টব্য]

### ব্যালটপত্রের হিসাব

বিভাগের নাম........................................................

১। ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর........................................

২। ভোটারকে সরবরাহ করা হয় নাই এইরূপ
ব্যালটপত্রের সংখ্যা ও ক্রমিক নম্বর........................................

৩। ভোটারদিগকে সরবরাহকৃত ব্যালটপত্রের সংখ্যা................................

৪। বিভিন্নভাবে বাতিলকৃত ব্যালটপত্রের সংখ্যা.................................

৫। জমাকৃত মোট ব্যালটপত্রের সংখ্যা........................................

৬। গণনার সময় বৈধ ও অবৈধ ভোট হিসাবে গণ্য
ব্যালটপত্রের সংখ্যা........................................................

তারিখঃ ........................

নির্বাচন কর্মকর্তার দস্তখত।

### ফরম-চ

(বিধি ১৯ দ্রষ্টব্য)

### নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীদের নাম সম্বলিত ঘোষণা

| ক্রমিক নম্বর। | বিভাগের নাম | নির্বাচিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর নাম ও ঠিকানা। | মন্তব্য যদি থাকে |
|---|---|---|---|
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |
| ৫। | | | |
| ৬। | | | |

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, উপরিউল্লিখিত প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীগণ তাঁহাদের স্ব স্ব নামের বিপরীতে উল্লিখিত বিভাগ হইতে বোর্ডের সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছেন।

তারিখঃ ........................

চেয়ারম্যানের দস্তখত।

ফরম-ছ

[বিধি ২৪(১) দ্রষ্টব্য]

বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস্ অব মেডিসিন
চিকিৎসক হিসাবে নিবন্ধনের আবেদনপত্র

তিন কপি পাসপোর্ট সাইজের সংযুক্ত ছবি

(নিম্নলিখিত বিবরণ সঠিকভাবে প্রদান করুন)

১। নাম..........................................................

২। পিতা/স্বামীর নাম..........................................................

৩। ঠিকানা : (ক) বর্তমান..........................................................

(খ) স্থায়ী : গ্রাম.................. ডাকঘর.................
থানা...................... জেলা.................

(গ) চিকিৎসা/ব্যবসার স্থান ..........................................
..........................................................

৪। জন্ম তারিখ..........(এস, এস, সি বা সমমানের সার্টিফিকেট অনুসারে) বয়স......

৫। পুরুষ/মহিলা..................

৬। জাতীয়তা..................

৭। ধর্ম..................

৮। সাধারণ শিক্ষাগত যোগ্যতা..................

৯। চিকিৎসা বিষয়ক যোগ্যতা :

(ক) আপনি যে প্রতিষ্ঠান হইতে শিক্ষাপ্রাপ্ত তাহার বিবরণ :

(১) প্রতিষ্ঠানের নাম..................

(২) পাস করার সন..................

(৩) ডিগ্রী/ডিপ্লোমা..................

(খ) আপনি অধ্যাদেশের section 24 এর অধীন অত্র বোর্ড কর্তৃক গৃহীত পরীক্ষায় পাস করিলে তাহার বিবরণঃ

(১) রোল নম্বর.................... (২) পাস করার সন....................

(৩) কেন্দ্র..................................................................

(৪) চিকিৎসা পদ্ধতি (ইউনানী/আয়ুর্বেদিক)...................................

..................................................................

(গ) পেশাগত অভিজ্ঞতা, যদি থাকেঃ

(১) শিক্ষাদানের অভিজ্ঞতা...................................................

(২) প্রকাশনা..................................................................

(৩) গবেষণাকর্ম..............................................................

আমি বাংলাদেশ ইউনানী এন্ড আয়ুর্বেদিক প্রাকটিশনারস্ অর্ডিন্যান্স, ১৯৮৩ এবং তদধীনে প্রণীত বিধি-বিধান অবশ্যই মানিয়া চলিব।

তারিখঃ

..............................

আবেদনকারীর স্বাক্ষর।

দ্রষ্টব্যঃ ১। আবেদনপত্রের সহিত যাহা অবশ্যই সংযোজিত হইতে হইবেঃ—

(ক) নিবন্ধীকরণের ফি বাবদ "বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন" এর নামে ২০০.০০ (দুইশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

(খ) আবেদনকারীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট আকারের তিনটি সত্যায়িত ছবি।

(গ) ডিপ্লোমা/ডিগ্রী প্রাপ্তির সনদ এবং প্রশংসাপত্রসমূহের সত্যায়িত অনুলিপি।

**ফরম-ঞ**

[বিধি ২৪(২) দ্রষ্টব্য]

**ইউনানী** এন্ড আয়ুর্বেদিক প্রাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩ এর সেকশন ২৩ এর অধীন 'ঞ' শ্রেণীতে চিকিৎসক হিসাবে নিবন্ধনের ফরম

নিবন্ধন বহি(১)

| নিবন্ধনের নম্বর ও তারিখ | চিকিৎসকের নাম | পিতার/স্বামীর নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | জন্ম তারিখ | জাতীয়তা | সাধারণ শিক্ষা ও অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | |

| উত্তীর্ণ চিকিৎসা শিক্ষা কোর্সের/প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম | উত্তীর্ণ চিকিৎসা শিক্ষা কোর্স/প্রশিক্ষণ কোর্সে বৎসর, তারিখ ও নিবন্ধন নং | নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ | মন্তব্য | পরিবর্তন সম্পর্কিত ইংগিত | নবায়ন ও নিবন্ধকের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |
| | | | | | |

ফরম-খ

[বিধি ২৪(২) দ্রষ্টব্য]

ইউনানী এন্ড আয়ুর্বেদীক প্রাকটিশনার্স অর্ডিন্যান্স, ১৯৮৩ এর সেকশন ২৪ এর অধীন 'খ' শ্রেণীতে চিকিৎসক হিসাবে নিবন্ধনের ফরম

নিবন্ধন বহি(২)

| নিবন্ধনের নম্বর ও তারিখ | চিকিৎসকের নাম | পিতার/স্বামীর নাম | বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | জন্ম তারিখ | জাতীয়তা | সাধারণ শিক্ষা ও অন্যান্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

| উত্তীর্ণ চিকিৎসা শিক্ষা কোর্সের/প্রশিক্ষণ কোর্সের নাম ও প্রতিষ্ঠানের নাম | উত্তীর্ণ চিকিৎসা শিক্ষা কোর্স/প্রশিক্ষণ কোর্সে বৎসর, তারিখ ও নিবন্ধন নং | নিবন্ধনকারী কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ | মন্তব্য | পরিবর্তন সম্পর্কিত ইংগিত | নবায়ন ও নিবন্ধকের স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ |

**ফরম-ক**

**বিধি ২৭ দ্রষ্টব্য**

**বাংলাদেশ বোর্ড অব ইউনানী এন্ড আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন**
**চিকিৎসক হিসাবে নিবন্ধনের সনদপত্র**

ছবি

এতদ্বারা প্রত্যায়ন করা যাইতেছে যে,

হাকীম/কবিরাজ ——————————————————

পিতা/স্বামী ——————————————————

গ্রাম/শহর ——————————ডাকঘর——————————

থানা ——————————জেলা——————————

চিকিৎসক হিসাবে নিবন্ধিত হইয়াছেন। নিবন্ধন বহি (১)-এ/নিবন্ধন বহি (২)তে তাহার ক্রমিক নং——————————। এই সনদপত্র নিম্নবর্ণিত সময় পর্যন্ত বলবৎ থাকিবে:

তারিখ :

নিবন্ধক
সীল ও স্বাক্ষর

| প্রথমবার প্রদানের ক্ষেত্রে | নবায়ন | নবায়ন | নবায়ন | নবায়ন | নবায়ন |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| পর্যন্ত | পর্যন্ত | পর্যন্ত | পর্যন্ত | পর্যন্ত | পর্যন্ত |
| স্বাক্ষর | স্বাক্ষর | স্বাক্ষর | স্বাক্ষর | স্বাক্ষর | স্বাক্ষর |

নিবন্ধক

মোঃ আবু মোতালেব মিয়া
উপ-সচিব (জনস্বাস্থ্য)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।